Jagorani Chakra Foundation

(a national voluntary social welfare organisation)

46 Mujib Sarak, Jessore-7400, Bangladesh.

স্মারক সংখ্যাঃ জেসিএফ/এনাবি-০০২/৩৩২৩ /২০১৫
তারিখ ঃ ২২/১২/২০১৫

মহাপরিচালক
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধান মন্ত্রীর কার্যালয়
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী স্মরণী
মৎস্য ভবন (১০ম তলা) রমনা
ঢাকা।

দৃষ্টি আকর্ষনঃ সিরাজুল ইসলাম খান, এসাইনমেন্ট অফিসার।

বিষয়ঃ সংস্থার প্রস্তাবিত ০৪ বছর মেয়াদী (জানুয়ারি'১৬ থেকে ডিসেম্বর'১৯) ৫,৭৫,২১,৭২৯ টাকা ব্যয়ী "Right to Education Achieved for Children from Families Living in Ultra-Poverty and Marginalised Communities (Reach Up)" প্রকল্পের অনুমোদন এবং ১ম বছরের (জানুয়ারি'১৬ থেকে ডিসেম্বর'১৬) কার্যক্রম বাস্তবায়নের জন্য ১,৪০,৮৭,৫০৩ টাকা তহবিল ছাড়করণের আবেদন।

মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে দাতা সংস্থা NETZ Partnership for Development and Justice এর অর্থায়নে রংপুর জেলার কাউনিয়া, গংগাচড়া ও পীরগাছা উপজেলার ১১টি ইউনিয়নের ১২,১৪২ জন শিশুর মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতের লক্ষ্যে জানুয়ারি'১৬ থেকে ডিসেম্বর'১৯ মেয়াদে প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়িত হবে। প্রকল্পের সার্বিক উদ্দেশ্য হলো সুবিধাবঞ্চিত গোষ্ঠীর শিশুদের শিক্ষার অধিকার নিশ্চিতকরণ এবং সুনির্দিষ্ট উদ্দেশ্য হলো বাংলাদেশের শিক্ষা ক্ষেত্রে অংশগ্রহণমূলক ও সমতাভিত্তিক মানসম্মত শিক্ষা সমৃদ্ধ করা এবং ১২,১৪২জন শিশু সরাসরি এ সুবিধা পাবে। প্রস্তাবিত প্রকল্পের আওতায় মোট তিন ধরনের শিক্ষা সহায়তা প্রদান করা হবে: (ক) উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা, (খ) আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা (আনন্দলোক প্রাথমিক বিদ্যালয়)-যার মালিকানা থাকবে স্থানীয় জনগোষ্ঠীর এবং (গ) সরকারি প্রাথমিক বিদ্যালয়-যেখানে শিশুবান্ধব শ্রেণী ও শিক্ষকদের দক্ষতা উন্নয়নে কাজ করা হবে এবং প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণী থাকবে। প্রস্তাবিত প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম হলো: ৩০টি উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র স্থাপন, ৯টি আনন্দলোক প্রাথমিক বিদ্যালয় ও ৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রয়োজনীয় সেবা প্রদান, উপানুষ্ঠানিক ও আনন্দলোক বিদ্যালয়ে স্বাস্থ্য ক্যাম্প আয়োজন এবং সম্পূরক খাদ্য বিতরণ, উপানুষ্ঠানিক ও আনন্দলোক বিদ্যালয়ে নিয়মিত শ্রেণী পরিচালনা, সরকারি, উপানুষ্ঠানিক ও আনন্দলোক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ ও রিফ্রেশার্স প্রদান, শিক্ষা সহায়তা কর্মকর্তাদের মৌলিক প্রশিক্ষণ প্রদান, সকল প্রকল্প কর্মকর্তাকে সামাজিক উদ্বুদ্ধকরণ ও এ্যাডভোকেসির উপর প্রশিক্ষণ প্রদান, প্রকল্প সংগঠক এবং উপানুষ্ঠানিক ও আনন্দলোক বিদ্যালয়ের শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান, বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের অন্তর্ভূকরণ বিষয়ে উপানুষ্ঠানিক বিদ্যালয়ের শিক্ষক ও প্রকল্প কর্মীদের প্রশিক্ষণ প্রদান, সরকারি বিদ্যালয়ের শিক্ষকদের জন্য ইন্টারএ্যাকটিভ টিচিং-লার্নিং বিষয়ে কর্মশালা, প্রাক-প্রাথমিক শিক্ষক ও শিক্ষা উন্নয়ন কর্মকর্তাদের জন্য উপকরণ উন্নয়ন বিষয়ক কর্মশালা, কর্মসূচি সংগঠক, এলাকা সমন্বয়কারী ও

কারিগরি কর্মকর্তাদের জন্য প্রশিক্ষক প্রশিক্ষণ, কর্মসূচি সংগঠক, এলাকা সমন্বয়কারী ও কারিগরি কর্মকর্তাদের জন্য শ্রেণীকক্ষ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ, আনন্দলোক বিদ্যালয় শিক্ষক ও কর্মসূচি সংগঠকদের অভিজ্ঞতা বিনিময় সফর, অভিভাবক ওরিয়েন্টেশন সভা, উপানুষ্ঠানিক বিদ্যালয়ে ব্যবস্থাপনা কমিটি গঠন, আনন্দলোক বিদ্যালয় ও সরকারি বিদ্যালয়ে শিক্ষার্থী টাস্কফোর্স গঠন, শিক্ষা উন্নয়ন পরিষদ গঠন, শিক্ষা উন্নয়ন পরিষদ সদস্যদের প্রশিক্ষণ প্রদান, জেলা ও উপজেলা পর্যায়ে শিক্ষা উন্নয়ন পরিষদ সভা ইত্যাদি।

২০১৫ সালের এপ্রিলে প্রস্তাবিত প্রকল্পের দাতা সংস্থা ২০০৮ থেকে ২০১১ পর্যন্ত বাস্তবায়িত একটি শিক্ষা প্রকল্পের মূল্যায়ন করে যেখানে একই ধরণের কার্যক্রমের যৌক্তিকতা ও ভবিষ্যত করণীয় সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়। উক্ত প্রকল্পের অধিন উপানুষ্ঠানিক বিদ্যালয়, আনন্দলোক বিদ্যালয় এবং আনুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় শিশুদের বিভিন্ন শিক্ষা সুবিধা প্রদান করা হয়েছিলো এবং প্রকল্পের মূল্যায়নকারীগণ প্রকল্প শেষের ৩বছর পরও এ ধরনের কার্যক্রমের উপযোগিতা খুঁজে পান এবং চরাঞ্চলে এ ধরনের বিদ্যালয় ও কার্যক্রমের কোন বিকল্প নাই বলে উল্লেখ করেন। যা চূড়ান্ত বিচারে সরকারের পিডিইপি-৩ ও জাতীয় শিক্ষা নীতি ২০১০ বাস্তবায়নে সহায়ক হয়েছে। এছাড়াও প্রকল্পের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয় ও স্থানীয় সরকারি শিক্ষা কর্মকর্তাদের মধ্যে ফলদায়ক সহযোগিতার সম্পর্ক স্থাপিত হয়েছে। সবচেয়ে গুরুত্বপূর্ণ অর্জন হচ্ছে এ প্রকল্পের ৮০% শিক্ষার্থী তাদের শিক্ষা অব্যাহত রেখেছে এবং ৭৫% শিক্ষার্থীতে পরবর্তীতে ৯ম শ্রেণীতে অধ্যয়নরত পাওয়া গিয়েছে এবং মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ এই প্রকল্পের কারণে তাদের বিদ্যালয়ে ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিশুদের অধিক হারে ভর্তির ব্যাপারে তথ্য দিয়েছেন এবং একই সাথে অভিভাবকদের মধ্যে শিশু শিক্ষা বিষয়ে সচেতনতা বেড়েছে। আলোচ্য সকল সুপারিশ ও সম্ভাবনার কথা বিবেচনা করে দাতাসংস্থা প্রস্তাবিত প্রকল্পে সহযোগী সংস্থার মাধ্যমে একই ধরনের কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশে একাধিক সমন্বয় সভা আয়োজন করে এবং পরবর্তীতে সকল পক্ষ একমত হওয়ায় কার্যক্রম চূড়ান্ত হয়। আশা করা হচ্ছে প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়িত হলে এটি সদ্য প্রকাশিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এসডিজি-৪: অংশগ্রহণমূলক ও সমতাভিত্তিক মানসম্মত শিক্ষা নিশ্চিত করার কাজে সরাসরি ভূমিকা রাখবে।

প্রকল্পের প্রস্তাবিত কর্মএলাকা

ক্রমিক নং	জেলা	উপজেলা	ইউনিয়ন
১	রংপুর	কাউনিয়া	শহীদবাগ, বালাপাড়া, টেপা মধুপুর, কুর্শা ও হারাগাছ
		গঙ্গাচড়া	কোলকোন্দ, আলমবিদিতর, গজঘন্টা, লক্ষীটারী ও নোহালী
		পীরগাছা	তাম্বুলপুর

প্রস্তাাবিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ৫,৭৫,২১,৭২৯ টাকা (দাতাসংস্থার প্রতিশ্রুতিপত্র সংযুক্ত, সংযুক্তি-১) এবং অত্রসাথে প্রকল্পটি অনুমোদনের জন্য প্রকল্প প্রস্তাবনা (এফডি-৬, সংযুক্তি-২) আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংযুক্ত করা হলো। একইসাথে প্রকল্পের ১ম বছরের (জানুয়ারি'১৬ থেকে ডিসেম্বর'১৬) কার্যক্রম বাস্তবায়নের জন্য ১,৪০,৮৭,৫০৩ টাকা অনুদান (এফডি-২ সংযুক্ত, সংযুক্তি-৩) দাতাসংস্থার কাছ থেকে গ্রহণের জন্য আপনার সদয় অনুমতি প্রদানের আবেদন করছি ।

Jagorani Chakra Foundation

(a national voluntary social welfare organisation)

46 Mujib Sarak, Jessore-7400, Bangladesh.

প্রস্তাবিত প্রকল্পের বছরভিত্তিক ব্যয় বিভাজন নিম্নরূপ-

মেয়াদ	প্রস্তাবিত বাজেট (টাকা)
প্রকল্প বর্ষ-১ (জানুয়ারি'১৬ থেকে ডিসেম্বর'১৬)	১,৪০,৮৭,৫০৩
প্রকল্প বর্ষ-২ (জানুয়ারি'১৭ থেকে ডিসেম্বর'১৭)	১,৪০,৮৮,৪৪১
প্রকল্প বর্ষ-৩ (জানুয়ারি'১৮ থেকে ডিসেম্বর'১৮)	১,৫১,২৪,০০৪
প্রকল্প বর্ষ-৪ (জানুয়ারি'১৯ থেকে ডিসেম্বর'১৯)	১,৪২,২১,৭৮১
মোট (জানুয়ারি'১৬ থেকে ডিসেম্বর'১৯)	৫,৭৫,২১,৭২৯

আপনাদের অব্যাহত সহযোগিতার জন্য ধন্যবাদ।

আপনার বিশ্বস্ত

এ. কে. আরজু
নির্বাহী পরিচালক

সংযুক্তিঃ

১. দাতা সংস্থার প্রতিশ্রুতিপত্র -৯ কপি
২. এফডি-৬ -৯ কপি
৩. এফডি-২ -৩ কপি

Head Office : Tel : +880-421-68823, Fax : +88-0421-68824, E-mail : jcjsr@ymail.com, Website : www.jcf-bd.org
Microfinance Program (MFP) : Tel : +88-0421-61983, 0421-71044, E-mail : jcfmfi@gmail.com

সংযুক্তি-২

NETZ বাংলাদেশ

NETZ Partnerschaft für Entwicklung und Gerechtigkeit e.V. – Partnership for Development and Justice | www.bangladesch.org
Moritz-Hensoldt-Straße 20 | 35576 Wetzlar | Germany | Tel. 06441/974 63-0 | Fax 06441/974 63-29 | netz@bangladesch.org

To
Jagorani Chakra Foundation (JCF)
Azadul Kabir Arzoo, Executive Director
46 Mujib Sarak
Jessore
Bangladesh

Wetzlar, 26 November 2015

Letter of Intent

Dear Azadul Kabir Arzoo,

This is to inform you that NETZ Partnership for Development and Justice (short: NETZ) intends to extent its financial support to the "Right to Education Achieved for Children from Families Living in Ultra-Poverty and Marginalised Communities (Reach Up)" project of JCF with an amount up to

57,521,729 BDT

(In words:
Fifty seven million five hundred twenty one thousand and seven hundred twenty nine Taka only),

equivalent to 661,169 EUR according to the exchange rate of 1 EUR = 87 BDT, for the period of 4 years from 1 January 2016 until 31 December 2019.

Funding for this project is subject to approval of the NGO Affairs Bureau, Government of Bangladesh.

Sincerely Yours,

Niko Richter, Director

Bankverbindung
IBAN: DE82 513 900 0000 0000 6262
BIC: VB MH DE 5F
Volksbank Mittelhessen

Geprüft und empfohlen!
DZI Spenden-Siegel

সংযুক্তি-2

এফডি-৬

বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প সমূহের নমুনা ছক

[এ নমুনা ছকটি বাংলা এবং ইংরেজীতে পূরণ করতে হবে, তবে বাংলায় পূরণকরা বাধ্যতামূলক। বাংলার ক্ষেত্রে সুতন্নী এমজে ফন্ট ব্যবহার করতে হবে। ৯ সেট এফডিও৬ এর সাথে সিডিতে ৩ সেট এফডিও৬ দাখিল করতে হবে। অসম্পূর্ণতা ও অস্বচ্ছতা প্রকল্প অনুমোদনে বিলম্বের কারণ হবে]

১	(ক) এনজিওর নাম	ঃ জাগরণী চক্র ফাউন্ডেশন
	(খ) ঠিকানা	ঃ ৪৬ মুজিব সড়ক, যশোর-৭৪০০
	(গ) টেলিফোন ও ফ্যাক্স নং (যদি থাকে)	ঃ টেলিফোন- +৮৮০৪২১৬৮৮২৩; ফ্যাক্স- +৮৮০৪২১৬৮৮২৪
	(ঘ) ইমেইল এ্যাড্রেস (যদি থাকে)	ঃ jcjsr@ymail.com
	(ঙ) ওয়েব সাইট (যদি থাকে)	ঃ www.jcf-bd.org
২	প্রকল্পের নাম	Right to Education Achieved for Children from Families Living in Ultra-Poverty and Marginalised Communities (Reach Up)
৩	প্রকল্পের মেয়াদ	৪ বছর
	ক. শুরুর তারিখ	০১ জানুয়ারি ২০১৬
	খ.সমাপ্তির তারিখ	৩১ ডিসেম্বর ২০১৯

৪ প্রকল্প এলাকা

ক্রমিক নং	জেলা	উপজেলা/থানা
১	রংপুর	কাউনিয়া
২		গংগাচড়া
৩		পীরগাছা

৫ প্রাক্কলিত ব্যয়

#	বর্ণনা	প্রকল্প বর্ষ ১ (জানুয়ারি'১৬ - ডিসেম্বর'১৬)	প্রকল্প বর্ষ ২ (জানুয়ারি'১৭ - ডিসেম্বর'১৭)	প্রকল্প বর্ষ ৩ (জানুয়ারি'১৮ - ডিসেম্বর'১৮)	প্রকল্প বর্ষ ৪ (জানুয়ারি'১৯ - ডিসেম্বর'১৯)	মোট বাজেট (জানুয়ারি'১৬ - ডিসেম্বর'১৯)
		প্রস্তাবিত বাজেট	প্রস্তাবিত বাজেট	প্রস্তাবিত বাজেট	প্রস্তাবিত বাজেট	প্রস্তাবিত বাজেট
১	বিদেশ থেকে প্রাপ্ত অনুদান (বাংলাদেশী টাকায় পরিবর্তিত)	১৪,০৮৭,৫০৩	১৪,০৮৮,৪৪১	১৫,১২৪,০০৪	১৪,২২১,৭৮১	৫৭,৫২১,৭২৯
২	দেশে থেকে প্রাপ্ত বিদেশী দাতার স্থানীয় মুদ্রায় অনুদান		-		-	
৩	স্থানীয় অনুদান		-		-	
৪	বিদেশী মুদ্রায়		-		-	
	মোট	১৪,০৮৭,৫০৩	১৪,০৮৮,৪৪১	১৫,১২৪,০০৪	১৪,২২১,৭৮১	৫৭,৫২১,৭২৯

(খ) ১. দাতা সংস্থার নাম ঃ NETZ

২. দাতা সংস্থার ঠিকানা ঃ Monir-Hensoldt-Str 20, D-35576 Wetzlar, Germany

৩. ফোন/ফ্যাক্স নম্বর ঃ ৪৯-৬৪৪১-২৬৫৮৫,ইমেইল নম্বরঃ dietzel@bamgladesh.org,ওয়েব সাইটঃ www.bangladesch.org

৬. বিস্তারিত প্রকল্প

ক. ভূমিকা এবং পটভূমি ঃ

বাংলাদেশ সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা-২: "সকল শিশুর জন্য প্রাথমিক শিক্ষা" অর্জনে ব্যপক উন্নতি করেছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের মতে ২০১৩ সালে প্রাথমিক বিদ্যালয়ে মোট ভর্তির হার ছিলো ৯৭.৩%। কিন্তু ঝরে পড়ার হার অত্যধিক। বাংলাদেশের প্রায় অর্ধেক শিশু তাদের প্রাথমিক শিক্ষার পর্যায় সমাপ্ত করে না। গত এক দশকে প্রাথমিক পর্যায়ে ভর্তির হার বৃদ্ধি পেলেও বিভিন্ন আর্থ-সামাজিক ও ভৌগলিক কারণে দরিদ্র পরিবারের শিশু, ক্ষুদ্র নৃগোষ্ঠী ও ধর্মীয় সংখ্যালঘু সমপ্রদায়ের শিশুরা শিক্ষার অধিকার থেকে বঞ্চিত হচ্ছে। জাতিসংঘের ২০১৪ সালে প্রকাশিত "Global Initiative on Out-of School Children" প্রতিবেদনে দেশে মোট ৫.৬ মিলিয়ন শিশু প্রাথমিক ও নিম্ন মাধ্যমিক পর্যায়ের শিক্ষার সুযোগ হতে বঞ্চিত বলে উল্লেখ করা হয়েছে। এ সংখ্যা আরো অধিক বলে দেশের শিক্ষা বিশেষজ্ঞরা অভিমত দেন। দেশে এরকম বহু শিশু আছে যারা বিদ্যালয়ে ভর্তি হয় কিন্তু শ্রেণীকক্ষে আসে না। শিক্ষা গ্রহণে যে বিষয়গুলো বাধা সৃষ্টি করছে তা হলো: শহর ও গ্রামের পার্থক্য, দূরবর্তী এলাকায় বিদ্যালয়ের অপ্রতুলতা, পারিবারিক আয়, জেন্ডার এবং সামাজিক-সাস্কৃতিক পটভূমি।

দুর্গম এলাকা যেমন চরাঞ্চলে বিদ্যালয় সংখ্যা খুবই কম হয়ে থাকে অথবা একেবারেই থাকে না। এজন্য শিক্ষার্থীদেরকে অনেক পথ পায়ে হেঁটে পাড়ি দিতে হয় এবং এ দীর্ঘ পথের নিরাপত্তার বিষয়টি মাথায় রেখে মেয়ে শিশুদেরকে বিদ্যালয়ে পাঠানো হতে অভিভাবকগণ বিরত রাখেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মতে ২০১১ সালে দেশের মোট শিক্ষিতের হার ৫৩.৭% যার মধ্যে গ্রামে ৫০.৬%, শহরে ৬৫.৬% এবং এনজিওদের নিজস্ব সমীক্ষায় চরাঞ্চলে এ হার ২০%। হতদরিদ্র পরিবারের শিশুদের প্রাতমিক শিক্ষার আওতায় আনতে এনজিও পরিচালিত উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম একটি ফরদায়ক উপায় হিসাবে সরকারের কাছে স্বিকৃতী পেয়েছে। যেহেতু এ শিশুরা বিভিন্ন যৌক্তিক কারণে আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষায় অংশ নিতে পারে না সেজন্য এ শিশুদের জন্য উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার প্রয়োজন রয়েছে। কিন্তু শিক্ষা ক্ষেত্রের অগ্রগতির দিক সরকারকে বিবেচনা করতে হবে বলে বিভিন্ন আন্তর্জাতিক দাতা সংস্থা মত প্রকাশ করায় এবং এনজিও তহবিল সীমিত করে দেয়ায় উপানুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার গতি হ্রাস পেয়েছে। শারিরীক ও মানসিক প্রতিবন্দী শিশুরা পূর্বের সমীক্ষায় স্কুল উপযোগী শিশু হিসাবে গন্য না হওয়ায় হিসাবের বাইরে থাকতো কিন্তু বর্তমানে তারা গননায় আসলেও বিদ্যালয়ে যাচ্ছে না প্রয়োজনীয় সুযোগ-সুবিধা না থাকায়। একইভাবে ধর্মীয় সংখ্যালঘু ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিশুরাও মূল ধারার শিক্ষা হতে বঞ্চিত হচ্ছে যার প্রধান কারণ দরিদ্রতা এবং রাষ্ট্রীয়ভাবে তাদের জন্য বিশেষ কোন ব্যবস্তা না নেয়া। সর্বপরি যে শিশুরা বিদ্যালয়ে প্রাথমিক শিক্ষা লাভ করছে তাদের মানে যথেষ্ঠ ঘাটতি রয়েছে। মোট ভর্তি হওয়া শিশুর ৫৫% পঞ্চম শ্রেণী পর্যন্ত পৌঁছায় এবং যারা পাশ করে তাদের ৮০% বাংলা সংবাদপত্রের শিরোনাম পড়তে পারে না এবং সাধারণ গাণিতিক সমস্যা সমাধান করতে পারে না। এছাড়া ৫ বছরের প্রাথমিক শিক্ষা শেষ করতে শিক্ষার্থীদের গড়ে ৮.৬ বছর লেগে যায়। এর পেছনের কারণগুলো হচ্ছেঃ শিক্ষকদের প্রশিক্ষণ না থাকা, শিক্ষকগণের শ্রেণীকক্ষে অনুপস্থিত থাকা, অপর্যাপ্ত শিক্ষা উপকরণ এবং অধিক শিক্ষক ছাত্র অনুপাত।

খ. প্রকল্পটির যৌক্তিকতা এবং জাতীয় পরিকল্পনার সাথে প্রাসঙ্গিকতা ঃ

২০১৫ সালের এপ্রিলে প্রস্তাবিত প্রকল্পের দাতা সংস্থা ২০০৮ থেকে ২০১১ পর্যন্ত বাস্তবায়িত একটি শিক্ষা প্রকল্পের মূল্যায়ন করে যেখানে একই ধরণের কার্যক্রমের যৌক্তিকতা ও ভবিষ্যত করণীয় সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়। উক্ত প্রকল্পের অধিন উপানুষ্ঠানিক বিদ্যালয়, আনন্দলোক বিদ্যালয় এবং আনুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় শিশুদের বিভিন্ন শিক্ষা সুবিধা প্রদান করা হয়েছিলো এবং প্রকল্পের মূল্যায়নকারীগণ প্রকল্প শেষের ৩বছর পরও এ ধরনের কার্যক্রমের উপযোগিতা খুঁজে পান এবং চরাঞ্চলে এ ধরনের বিদ্যালয় ও কার্যক্রমের কোন বিকল্প নাই বলে উল্লেখ করেন। যা চূড়ান্ত বিচারে সরকারের পিডিইপি-৩ ও জাতীয় শিক্ষা নীতি ২০১০ বাস্তবায়নে সহায়ক হয়েছে। এছাড়াও প্রকল্পের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয় ও স্থানীয় সরকারি শিক্ষা কর্মকর্তাদের মধ্যে ফলদায়ক সহযোগিতার সম্পর্ক স্থাপিত হয়েছে। সবচেয়ে গুরুত্বপূর্ণ অর্জন হচ্ছে এ প্রকল্পের ৮০% শিক্ষার্থী তাদের শিক্ষা অব্যাহত রেখেছে এবং ৭৫% শিক্ষার্থীতে পরবর্তীতে ৯ম শ্রেণীতে অধ্যয়নরত পাওয়া গিয়েছে এবং মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ এই প্রকল্পের কারণে তাদের বিদ্যালয়ে ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিশুদের অধিক হারে ভর্তির ব্যাপারে তথ্য দিয়েছেন এবং একই সাথে অভিভাবকদের মধ্যে শিশু শিক্ষা বিষয়ে সচেতনতা বেড়েছে। আনন্দলোক বিদ্যালয় স্থাপনের মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর মধ্যে বিদ্যালয় সম্পর্কে গভীর অংশীদারিত্বের মনোভাব এবং একটি কার্যকর স্কুল ম্যানেজমেন্ট কমিটি গড়ে তোলা সম্ভব হয়েছে। যারা শুধু মাত্র বিদ্যালয়ের শিক্ষার মান বাজায় রাখা নয় বরং শিক্ষার্থীরা পরবর্তীতে মাধ্যমিক বিদ্যালয়ে যাওয়ার পরও যেন যথাযথ সহায়তা পায় সেদিকে নজর রাখে। জেলা ও উপজেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তারা বিভিন্ন সময় এ বিদ্যালয়গুলো পরিদর্শনের মাধ্যমে একই ধরনের কাজ অন্য বিদ্যালয়ে চালু করার বিষয়ে সুপারিশ করেন। বিদ্যমান প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান, শিশু-বান্ধব পরিবেশ তৈরি, ঝরে পড়া রোধ, পরীক্ষায় ভালো ফল, শিক্ষকদের নিয়মিত বিদ্যালয়ে পাঠদান ও অকার্যকর স্কুল ম্যানেজমেন্ট কমিটিকে উদ্বুদ্ধ করার মাধ্যমে বিদ্যালয়ের সার্বিক পরিবেশ উন্নত করার মতো কাজগুলো করা সম্ভব হয়েছে। প্রকল্পের উপানুষ্ঠানিক বিদ্যালয়সমূহ দুর্গম চরাঞ্চলে স্থাপন করা হয়েছিলো যেখানে অদূর ভবিষ্যতে কোন সরকারি বিদ্যালয় স্তাপনের সম্ভাবনা নাই এবং এর ফলে হতদরিদ্র পরিবারের শিশুরা শিক্ষার সুবিধা পায় এবং শিক্ষার মানও উন্নত ছিলো। পরবর্তীতে স্থানীয় জনগোষ্ঠী একই ধরনের বিদ্যালয় আশপাশের এলাকায় স্থাপনের দাবি উপস্থাপন করেন। আলোচ্য সকল সুপারিশ ও সম্ভাবনার কথা বিবেচনা করে দাতাসংস্থা প্রস্তাবিত প্রকল্পে সহযোগী সংস্থার মাধ্যমে একই ধরনের কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশে একাধিক সমন্বয় সভা আয়োজন করে এবং পরবর্তীতে সকল পক্ষ একমত হওয়ায় কার্যক্রম চূড়ান্ত হয়। আশা করা হচ্ছে প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়িত হলে এটি সদ্য প্রকাশিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এসডিজি-৪: অংশগ্রহণমূলক ও সমতাভিত্তিক মানসম্মত শিক্ষা নিশ্চিত করার কাজে সরাসরি ভূমিকা রাখবে।

গ. উদ্দেশ্যসমূহ ঃ

সার্বিক উদ্দেশ্যঃ সুবিধাবঞ্চিত গোষ্ঠীর শিশুদের শিক্ষার অধিকার নিশ্চিতকরণ।

সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ বাংলাদেশের শিক্ষা ক্ষেত্রে অংশগ্রহণমূলক ও সমতাভিত্তিক মানসম্মত শিক্ষা সমৃদ্ধ হবে এবং ১২,১৪২জন শিশু সরাসরি এ সুবিধা পাবে।

ঘ. লক্ষ্যমাত্রা ঃ

নং	কার্যক্রম	লক্ষ্যমাত্রা	সময়
১	বিদ্যালয় স্থাপনের জন্য সম্ভাব্য স্থান নির্বাচন, শিক্ষার্থী বাছাই ও বিদ্যালয় স্থাপন	৩০টি উপানুষ্ঠানিক ও ৯টি আনন্দলোক বিদ্যালয় স্থাপন ও প্রত্যেক বিদ্যালয়ে ৩০জন শিক্ষার্থী ভর্তি	১ম প্রান্তিক, ২০১৬
২	উপানুষ্ঠানিক ও আনন্দলোক বিদ্যালয়ে স্বাস্থ্য ক্যাম্প (স্বাস্থ্য সেবা) আয়োজন	৩০টি উপানুষ্ঠানিক ও ৯টি আনন্দলোক বিদ্যালয়ে বছরে ২বার	প্রতি বছরের ২য় ও ৪র্থ প্রান্তিকে
৩	উপানুষ্ঠানিক ও আনন্দলোক বিদ্যালয়ে সম্পূরক খাদ্য (টিফিন) বিতরণ	প্রতি বছর মঙ্গার সময় ৩০ দিন	প্রতি বছরের ৪র্থ প্রান্তিকে
৪	উপানুষ্ঠানিক ও আনন্দলোক বিদ্যালয়ে নিয়মিত শ্রেণী পরিচালনা	৩০টি উপানুষ্ঠানিক ও ৯টি আনন্দলোক বিদ্যালয়	ডিসেম্বর ২০১৯ পর্যন্ত
৫	সরকারি বিদ্যালয়ে সহায়তা প্রদান	৩০টি সরকারি বিদ্যালয়	ডিসেম্বর ২০১৯ পর্যন্ত
৬	সরকারি, উপানুষ্ঠানিক ও আনন্দলোক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান	১২১ জন	১ম প্রান্তিক, ২০১৬

৭	সরকারি, উপানুষ্ঠানিক ও আনন্দলোক বিদ্যালয়ের শিক্ষকদের রিফ্রেশার্স প্রশিক্ষণ প্রদান	৯৫ জন	ডিসেম্বর ২০১৯ পর্যন্ত
৮	শিক্ষা সহায়তা কর্মকর্তাদের মৌলিক প্রশিক্ষণ প্রদান	১৮ জন	১ম প্রান্তিক, ২০১৬
৯	সকল প্রকল্প কর্মকর্তাকে সামাজিক উদ্বুদ্ধকরণ ও এ্যাডভোকেসির উপর প্রশিক্ষণ প্রদান	১৮ জন	২য় প্রান্তিক, ২০১৬
১০	প্রকল্প সংগঠক এবং উপানুষ্ঠানিক ও আনন্দলোক বিদ্যালয়ের শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান	৩৬ জন	১ম ও ৪র্থ প্রান্তিক-২০১৬, ১ম ও ৩য় প্রান্তিক-২০১৭, ২য় প্রান্তিক-২০১৮ ও ১ম প্রান্তিক-২০১৯
১১	বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের অন্তর্ভূকরণ বিষয়ে উপানুষ্ঠানিক বিদ্যালয়ের শিক্ষক ও প্রকল্প কর্মীদের প্রশিক্ষণ প্রদান	৩৭ জন	১ম প্রান্তিক, ২০১৬
১২	সরকারি বিদ্যালয়ের শিক্ষকদের জন্য ইন্টারএ্যাকটিভ টিচিং-লার্নিং বিষয়ে কর্মশালা	৩৩ জন	১ম প্রান্তিক-২০১৭, ২য় প্রান্তিক-২০১৮
১৩	প্রাক-প্রাথমিক শিক্ষক ও শিক্ষা উন্নয়ন কর্মকর্তাদের জন্য উপকরণ উন্নয়ন বিষয়ক কর্মশালা	৩৪ জন	২য় প্রান্তিক-২০১৬, ২০১৭, ২০১৮
১৪	কর্মসূচি সংগঠক, এলাকা সমন্বয়কারী ও কারিগরি কর্মকর্তাদের জন্য প্রশিক্ষক প্রশিক্ষণ	১৫ জন	২য় প্রান্তিক-২০১৬
১৫	কর্মসূচি সংগঠক, এলাকা সমন্বয়কারী ও কারিগরি কর্মকর্তাদের জন্য শ্রেণীকক্ষ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ	১৬ জন	৩য় প্রান্তিক-২০১৭
১৬	আনন্দলোক বিদ্যালয় শিক্ষক ও কর্মসূচি সংগঠকদের অভিজ্ঞতা বিনিময় সফর	৪০ জন	৪র্থ প্রান্তিক-২০১৭, ১ম ও ২য় প্রান্তিক-২০১৮
১৭	অভিভাবক ওরিয়েন্টেশন সভা	নতুন শিক্ষার্থীদের অভিভাবকগণ	প্রতি বছরের ১ম প্রান্তিকে
১৮	উপানুষ্ঠানিক বিদ্যালয়ে ব্যবস্থাপনা কমিটি গঠন	৩০টি	১ম প্রান্তিক, ২০১৬
১৯	আনন্দলোক বিদ্যালয় ও সরকারি বিদ্যালয়ে শিক্ষার্থী টাস্কফোর্স গঠন	৩৯টি	১ম প্রান্তিক, ২০১৬
২০	শিক্ষা উন্নয়ন পরিষদ গঠন	৩০টি	১ম প্রান্তিক, ২০১৬
২১	শিক্ষা উন্নয়ন পরিষদ সদস্যদের প্রশিক্ষণ প্রদান	৫০ জন	২য় প্রান্তিক-২০১৬
২২	জেলা ও উপজেলা পর্যায়ে শিক্ষা উন্নয়ন পরিষদ সভা	২৮টি	ডিসেম্বর ২০১৯ পর্যন্ত

ঙ. প্রত্যাশিত ফলাফল ঃ

নং	ফলাফলের সূচক (Result Indicator)	ভিত্তি (Baseline)	২০১৯ পর্যন্ত লক্ষ্যমাত্রা
১	দুর্গম এলাকায় বিদ্যালয় স্থাপন করা	বিদ্যালয় নাই	৩০টি উপানুষ্ঠানিক এবং ৯টি আনন্দলোক বিদ্যালয় স্থাপন করা
২	সরকারি বিদ্যালয়ে শিক্ষার মান বৃদ্ধি	সকল বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণী নাই এবং শিক্ষকদের পর্যাপ্ত প্রশিক্ষণ নাই	সকল বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণী চালু করা এবং শিক্ষকদের প্রশিক্ষণ দেয়া
৩	সরকারী প্রাথমিক বিদ্যালয় থেকে পাশ করা শিক্ষার্থীদের শিক্ষা অব্যাহত রাখা	৬০%	৯০%
৪	দুর্গম এলাকার বিদ্যালয়ে শিক্ষার্থী-শিক্ষক অনুপাত	১ ঃ ৬০-১০০	১ ঃ ৩০
৫	সরকারি শিক্ষার্থী ঝরে পড়ার হার	৪৫%	৩৫%
৬	সরকারি বিদ্যালয়ে শিক্ষক ও শিক্ষার্থী উপস্থিতীর হার বৃদ্ধি	শিক্ষক-৭০%, শিক্ষার্থী-৮৫%	উভয় ক্ষেত্রে ৯০%
৭	বিদ্যালয় ব্যাবস্থাপনা পরিষদগুলোকে অধিক হারে সক্রিয় রাখা	২০%	৮৫%
৮	শিক্ষা কর্মকর্তারা তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করবে	পর্যাপ্ত নয়	শিক্ষা কর্মকর্তারা জেলা ও উপজেলা পর্যায়ে ৮৫% এ্যাডভোকেসি সভায় অংশ নেবেন
৯	স্থানীয় জনগোষ্ঠী ও অভিভাবকগণ প্রাথমিক শিক্ষা উন্নয়নে ভূমিকা রাখবে	পর্যাপ্ত নয়	কমপক্ষে ৬৫% অভিভাবক প্রতিনিধি ও ব্যাবস্থাপনা কমিটি সদস্য বিভিন্ন সুধিসমাজের সংলাপে অংশ নেবেন

চ. প্রধান কার্যক্রমসমূহ এবং প্রতিটি কার্যক্রমের বিপরীতে বরাদ্দ ঃ

ক্রমিক নং	প্রধান কার্যক্রমসমূহ	প্রাক্কলিত বরাদ্দ
১	বিদ্যালয়ের স্থান নির্বাচন, শিক্ষার্থী চিহ্নিতকরণ এবং শিক্ষা কার্যক্রম চালু করা	১,০৫৬,৪১৫
২	শিক্ষক ও কর্মসূচি সংগঠকদের প্রশিক্ষণ প্রদান	৫,০৫৪,৮১২
৩	শিক্ষার্থীদের জন্য হেলথ সাপোর্ট (স্বাস্থ্য সেবা) ও সম্পূরক খাবার (টিফিন) প্রদান	২,০২৩,১০৩
৪	সৃজনশীল শিখন প্রবর্তনে সহায়তা	২৪৮,২৭১
৫	সুশিল সমাজের সাথে কাজ ও সামাজিক উদ্বুদ্ধকরণ	১০৩,৪৬০

৭ জেলাওয়ারী বিস্তারিত কর্মকান্ড ঃ

ক্রমিক নং	জেলা	উপজেলা/থানা	ইউনিয়ন/ওয়ার্ড	কর্মকান্ডসমূহ	পরিমান/টার্গেট	বরাদ্দ
১	রংপুর	কাউনিয়া	শহীদবাগ	বিদ্যালয়ের স্থান নির্বাচন, শিক্ষার্থী চিহ্নিতকরণ এবং শিক্ষা কার্যক্রম চালু করা; শিক্ষক ও কর্মসূচি সংগঠকদের প্রশিক্ষণ প্রদান; শিক্ষার্থীদের জন্য হেল্‌থ ক্যাম্প (স্বাস্থ্য সেবা) ও সম্পূরক খাবার (টিফিন) প্রদান; সৃজনশীল শিখন প্রবর্তনে সহায়তা এবং সুশিল সমাজের সাথে কাজ ও সামাজিক উদ্বুদ্ধকরণ।	উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় ১০ টি, সরকারি প্রাঃ বিদ্যালয়ের সাথে কজি ২০টি, প্রাক-প্রাথমিক বিদ্যালয় ৫টি, আনন্দলোক বিদ্যালয় ২টি	১৩,১২৫,৪২৯
২			বালাপাড়া			
৩			টেপা মধুপুর			
			কুর্শা			
৪			হারাগাছ			
৫		গঙ্গাচড়া	কোলকোন্দ		উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় ২০ টি, সরকারি প্রাঃ বিদ্যালয়ের সাথে কজি ১০টি, প্রাক-প্রাথমিক বিদ্যালয় ৪টি, আনন্দলোক বিদ্যালয় ৫টি	১৪,০৯৭,৬৮৩
৬			আলমবিদিতর			
			গজঘন্টা			
৭			লক্ষীটারী			
৮			নোহালী			
৯		পীরগাছা	তাম্বুলপুর		আনন্দলোক বিদ্যালয় ২ টি	৯৭২,২৫৪

৮ প্রকল্প ব্যবস্থাপনা ঃ

ক. প্রত্যেক প্রধান কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি অতি সংক্ষেপে বর্ণনা করুন

বিদ্যালয়ের স্থান নির্বাচন ও শিক্ষার্থী চিহ্নিতকরণ

বিদ্যালয়ের স্থান নির্বাচন ও শিক্ষার্থী চিহ্নিতকরণের ক্ষেত্রে স্কুলগামী শিশু সংখ্যা, বিদ্যমান প্রাথমিক বিদ্যালয় থেকে দূরত্ব (কমপক্ষে ১.৫কি.মি), বিদ্যালয় নির্মাণ ও রক্ষণাবেক্ষণে স্তাণীয় জনগোষ্ঠীর আগ্রহ এবং সহযোগিতা করার মনোভাব এবং নদী ভাঙ্গনের মুখে পড়বে না ইত্যাদি প্রাথমিক তথ্য ইউপি এবং শিক্ষা অফিস থেকে সংগ্রহ করা হবে। পরবর্তীতে পিআরএ মেথড অনুসারে বিদ্যালয়ের স্থান চূড়ান্ত করা হবে। প্রস্তাবিত প্রকল্পের আওতায় সর্বমোট ৩০টি উপানুষ্ঠানিক বিদ্যালয় স্থাপন করা হবে এবং ৩০টি বিদ্যমান সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ০৯টি আনন্দলোক বিদ্যালয়ে প্রয়োজনীয় সহায়তাপ্রদান করা হবে। উপানুষ্ঠানিক বিদ্যালয় স্থাপন করার আগে জমির মালিকের সাথে এ মর্মে চুক্তি করা হবে যে তিনি চার বছরের জন্য এক কক্ষের একটি ভবন ভাড়া প্রদান করবেন এবং এসময়ে উক্ত ভবনের সকল রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ দ্রুত সম্পাদন করবেন। বিদ্যালয়ের সামনের মাঠ বন্যা আক্রান্ত এলাকা হতে উঁচু করা হবে এবং প্রতিটি বিদ্যালয়ে শিখন ও পঠনের সব ধরনের উপকরণ প্রদান করা হবে। আনন্দলোক বিদ্যালয় ও সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রয়োজনীয় সংস্কার ও আসবাবপত্র মেরামত বা নতুন আসবাব প্রদান করা হবে। এছাড়া যে সরকারী বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণী নাই সেখানে তা চালু করা হবে। উভয় বিদ্যালয়ের মাঠ বন্যা অঞ্চল থেকে উঁচু করা হবে। প্রতিটি বিদ্যালয়ে পর্যাপ্ত সংখ্যক শিখন-পঠন উপকরণ সরবাহ করা হবে এবং শিক্ষক ও শিক্ষার্থীরা প্রতিনিয়ত তাদের নিজস্ব শিখন উপকরণ তৈরির মাধ্যমে এগুলোকে সমৃদ্ধ করবে।

প্রতিটি উপানুষ্ঠানিক ও প্রাক-প্রাতমিক বিদ্যালয়ের জন্য একজন শিক্ষক এবং প্রতিটি আনন্দলোক বিদ্যালয়ের জন্য তিনজন স্থায়ী শিক্ষক ও একজন সহায়ক কর্মী নিয়োগ দেয়া হবে। এছাড়াও একজন কর্মসূচি সংগঠক ১০টি উপানুষ্ঠানিক বিদ্যালয় বা ৩-৪টি আনন্দলোক বিদ্রালয় বা ১০টি সরকারী বিদ্যালয়ের কাজ তদারকি করবেন। একজন শিক্ষা সহায়ক সংগঠক দুটি সরকারী বিদ্যালয় যার সাথে প্রাক-প্রাথমিক শ্রেণী আছে তার সাথে কাজ করবে যাতে সুবিধাবঞ্চিত শিশুরা এ বিদ্যালয়ে ভর্তি হতে পারে।

সকল আনন্দলোক বিদ্যালয়, প্রাক-প্রাথমিক ও উপানুষ্ঠানিক বিদ্যালয়ে নিয়মিত পাঠ গ্রহণ

প্রতিটি আনন্দলোক বিদ্যালয় দুটি শিফটে প্রাক-প্রাথমিক শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত সপ্তাহে ৬দিন পাঠদান করবে। প্রাক-প্রাথমিক হতে ২য় শ্রেণী পর্যন্ত শিশুরা সকালে এবং ৩য় হতে ৫ম শ্রেণীর শিশুরা বিকালের শিফটে পাঠ গ্রহণ করবে। বিদ্যালয়ে বাংলা, ইংরেজি, গণিত, ধর্মীয় শিক্ষা, সাধারণ বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে পাঠদান করা হবে। প্রতিটি শ্রেণীতে ৩০জন শিক্ষার্থীর জন্য একজন শিক্ষক থাকবেন এবং শিক্ষক ও কর্মসূচি সংগঠকদের জন্য নিয়মিত প্রশিক্ষণ ও দিকনির্দেশনা প্রদান করা হবে। এছাড়াও সংগঠকগণ অঘোষিত বিদ্যালয় পরিদশনের মাধ্যমে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করবেন। প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের শিশুরা সপ্তাহে ৬দিন ৩ঘন্টার পাঠ গ্রহণ করবে এবং এক্ষেত্রেও আনন্দলোক বিদ্যালয়ের মতো শিক্ষার মান নিশ্চিত করা হবে। উপানুষ্ঠানিক বিদ্যালয়ে ১ম শ্রেণী হতে ৫ম শ্রেণীর শিক্ষাকাল ৪ বছরে সমাপ্ত করা হবে (১ম শ্রেণী ১০ মাস, ২য় ও ৩য় শ্রেণী ৮মাস এবং ৪র্থ ও ৫ম শ্রেণী ১১ মাস)। সপ্তহের ৬দিন পাঠদান করা হবে যেখানে ১ম ও ২য় শ্রেণীর কার্যক্রম হবে ৩ঘন্টা, ৩য় শ্রেণী ৪ঘন্টা এবং ৪র্থ ও ৫ম শ্রেণী ৫ঘন্টা। এখানে জাতীয় পাঠ্যক্রম অনুসরণ করা হবে।

সকল আনন্দলোক বিদ্যালয় ও উপানুষ্ঠানিক বিদ্যালয়ে স্বাস্থ্য ক্যাম্প ও সম্পূরক খাদ্য বিতরণ

প্রতিটি আনন্দলোক বিদ্যালয় ও উপানুষ্ঠানিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য বছরে দুইবার স্বাস্থ্য ক্যাম্প আয়োজন করা হবে যেখানে তাদের সাধারণ স্বাস্থ্যসেবা ছাড়াও সরকারী হাসপাতালের ডাক্তারের ব্যবস্থাপত্র, রোগ প্রতিরোধে বিভিন্ন নির্দেশনা, কৃমিনাশক ঔষধ ও টীকা প্রদানের মতো সেবা দেয়া হবে। শিক্ষার্থীদের ভাই-বোন এবং দঃস্থ যে শিশুরা বিদ্যালয়ে পড়ছে না তাদেরকেও এ সেবার আওতাভুক্ত করা হবে এবং প্রতিবন্ধী শিশুদের প্রয়োজনে শ্রবণ যন্ত্রের মতো উপকরণ প্রদান করা হবে। এছাড়া মঙ্গার সময় বছরে মোট ৩০দিন স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণে শিক্ষার্থীদের সম্পূরক খাবার প্রদান করা হবে। উপানুষ্ঠানিক বিদ্যালয়ে এ কাজের সকল খরচ প্রকল্প হতে প্রদান করা হবে।

শিক্ষক ও কর্মসূচি সংগঠকদের প্রশিক্ষণ প্রদান

প্রকল্পের শুরুতে সকল শিক্ষকগণ মৌলিক প্রশিক্ষণ ও নিয়মিত বিরতিতে রিফ্রেসার্স পাবেন। উপানুষ্ঠানিক বিদ্যালয়ের জন্য ১২দিনের প্রশিক্ষণ এবং নতুন স্থাপিত প্রাক-প্রাথমিক ও আনন্দলোক বিদ্যালয়ের জন্য ৫দিনের মৌলিক প্রশিক্ষণ আয়োজন করা হবে। পরবর্তীতে শিক্ষকদের সাথে সংগঠকগণ রিফ্রেসার্স পাবেন এবং এখানে শিক্ষাদান বিষয়ে আলোচনা ছাড়াও দুর্যোগ প্রস্তুতি, স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা বিষয়ে আলোচনা করা হবে। উপানুষ্ঠানিকের ১ম ও ২য় শ্রেণীর জন্য মাসে ১দিনের রিফ্রেসার্স এবং ৩য় থেকে ৫ম শ্রেণীর জন্য ২দিনের রিফ্রেসার্স আয়োজন করা হবে। প্রাক-প্রাথমিকরে ক্ষেত্রে প্রতি প্রান্তিকে ২দিনের রিফ্রেসার্স ও আনন্দলোকের ক্ষেত্রে প্রতি ২মাসে এ রিফ্রেসার্স দেয়া হবে। প্রকল্পের ২য় বছর হতে উপানুষ্ঠানিক, আনন্দলোক ও সরকারি বিদ্যালয়ের শিক্ষকগণ পরবর্তী বছরের পাঠ পরিকল্পনা ও প্রস্তুতের উপর ৪দিনের প্রশিক্ষণ পাবেন যেখানে সংগঠকগণও অংশ নেবেন। সকল শিক্ষা সংগঠক প্রকল্পের শুরুতে ৩দিনের মৌলিক প্রশিক্ষণ পাবেন যেখানে অংশগ্রহণমূলক ও সমতাভিত্তিক মানসম্মত শিক্ষা অলোচিত হবে এবং তা যেন সরকারি বিদ্যালয়ে বাস্তবায়ন করা যাবে সে বিষয়ে তাদের দক্ষতা বৃদ্ধি করা হবে। পরবর্তীতে সকল প্রকল্প কর্মী সামাজিক উদ্বুদ্ধকরণ ও এ্যাডভোকেসি বিষয়ে ৩দিনের প্রশিক্ষণ পাবেন। সকল উপানুষ্ঠানিক শিক্ষক এবং সংগঠকগণ ২য় শ্রেণীর পাঠদান শুরুর পূর্বে ৪দিনের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ, ৩য় শ্রেণীর পূর্বে ৬দিনের এবং ৪র্থ ও ৫ম শ্রেণীর পূর্বে ৮দিনের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ পাবেন। প্রকল্পের ১ম ও ২য় বছরে আনন্দলোক বিদ্যালয় শিক্ষক ও সংগঠকগণ ৫দিনের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ পাবেন যেখানে শিশু কেন্দ্রীক শিখন ও পঠন পদ্ধতি অলোচিত হবে। এছাড়া বিশেষচাহিদাসম্পন্ন শিশুদের শিক্ষায় অন্তর্ভূক্তকরণ বিষয়ে সকল উপানুষ্ঠানিক শিক্ষক ও প্রকল্প কর্মীরা ৩দিনের প্রশিক্ষণ পাবেন। প্রকল্পের ২য় বছরে সরকারী বিদ্যালয়ের শিক্ষকদের পারস্পরিক সক্রিয় শিখন-পঠন বিষয়ক ৩দিনের কর্মশালা অনুষ্ঠিত হবে। প্রাক-প্রাথমিকের শিক্ষক ও সংগঠকেরা ৫দিনের উপকরণ উন্নয়ন বিষয়ক কর্মশালায় অংশ নেবেন। প্রকল্পের সকল কর্মী ৫দিনের সাধারণ প্রশিক্ষক প্রশিক্ষণ এবং ৩দিনের শ্রেণীকক্ষ ব্যবস্থাপনা প্রশিক্ষণে অংশ নেবেন। অন্য জেলার আনন্দলোক বিদ্যালয় পরিদর্শনে ১দিনের জন্য আনন্দলোক বিদ্যালয় শিক্ষক ও সংগঠকদের পাঠানো হবে। সংগঠকগণ প্রতি মাসে ১দিনের যাচাই ও পরিকল্পনা সভায় অংশ নেবেন। অধিকন্তু প্রকল্প কর্মীগণ দক্ষিণ এশিয়ার দেশে অভিজ্ঞতা অর্জনের জন্য বিভিন্ন শিক্ষা কার্যক্রম পরিদর্শন করবেন।

অভিভাবকদের সাথে কার্যক্রম

সুবিধাবঞ্চিত শিশুরা যাতে নিয়মিত স্কুলে যায় এবং মনোযোগ সহকারে শিক্ষা গ্রহণ করে সেজন্য যে কাজগুলো করা হবে তা হলো-ঝরে পড়া রোধে অভিভাবকদের সাথে নিয়মিত সংলাপ, শিক্ষা কার্যক্রম বিষয়ে অভিভাবকদের পরিস্কার ধারণা প্রদানের জন্য ওরিয়েন্টেশন মিটিং এবং প্রতি মাসে শিক্ষক-অভিভাবক সভা আয়োজন, শুধুমাত্র অভিভাবকদের সাথে মাসিক সভা আয়োজন করা ইত্যাদি।

বিদ্যালয়ের এসএমসি গঠন

প্রকল্পের আওতায় পরিচালিত প্রতিটি উপানুষ্ঠানিক বিদ্যালয়ে ৭ সদস্যের কমিটি এবং আনন্দলোক বিদ্যালয়ে ১১সদস্যের কমিটি গঠন করা হবে যেখানে কমিউনিটি নেতা, সুশিল সমাজ প্রতিনিধি, শিক্ষানুরাগী, অভিভাবক ও শিক্ষকদের অর্ন্তভূক্ত করা হবে। প্রকল্পের কর্মীরা শুরুতে কমিটিকে তাদের দায়িত্ব সুচারুভাবে পালনে সার্বিক সহায়তা প্রদান করবে যাতে তারা পরবর্তীতে নিজেরাই সকল কাজ করতে পারে। আনন্দলোক বিদ্যালয়ের এসএমসি সদস্যগণ ২দিনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে অংশ নেবেন। প্রতিটি আনন্দলোক বিদ্যালয় ও সরকারি বিদ্যালয়ে ৩য় থেকে ৫ম শ্রেণীর শিক্ষার্থীদের নিয়ে ৭ সদস্যের স্টুডেন্ট টাস্ক ফোর্স গঠন করা হবে যারা বিদ্যালয়ের পরিবেশ ঠিক রাখা, বই ও অন্যান্য শিখণ উপকরণ বিতরণ, স্বাস্থ্য ক্যাম্প সহ বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন, বিদ্যালয়ের পানি সরবরাহ ও গাছ লাগানো, বাগান করার মতো কাজ করবে। এছাড়া সরকারি বিদ্যালয়গুলোতে এসএমসিকে সহায়তার জন্য ২০ সদস্যের শিক্ষা উন্নয়ন কমিটি গঠন করা হবে যেখানে প্রতিটি এসএমসি, ইউনিয়ন শিক্ষা কমিটি, শিক্ষক, ব্যবসায়ী ও ছাত্ররা অন্তর্ভক্ত থাকবে। এ কমিটির সদস্যরা ২দিনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে অংশ নেবেন। এছাড়া তাদের প্রতিনিধীগণ উপজেলা পর্যায়ে ৬মাসে একবার এবং জেলা পর্যায়ে বছরে একবার আঞ্চলিক শিক্ষা সংক্রান্ত বিভিন্ন সমস্যা ও বাধাসমূহ নিয়ে আলোচনা করবেন এবং সম্ভাব্য কৌশল ও কর্মপরিকল্পনা ঠিক করবেন।

সুশিল সমাজের সাথে কাজ ও সামাজিক উদ্বুদ্ধকরণ

প্রকল্পের ফলাফল ও অভিজ্ঞতা বিনিময়ের জন্য বছরে একবার গোলটেবিল বৈঠকের আয়োজন করা হবে সেখানে প্রকল্পের ব্যবস্থাপক, সরকারি শিক্ষা কর্মকর্তা ও এনজিওর শিক্ষা ক্ষেত্রের কর্মীরা অংশ নেবেন। এ বৈঠক আযোজনের মূল উদ্দেশ্য হবে নতুন বিদ্যালয় স্থাপনের একটি নির্দিষ্ট মডেল মেনে চলা। এছাড়া প্রকল্পের শুরুতে প্রকল্পের কাজের সাথে স্থানীয় জনগণের সম্পৃক্ততা নিশ্চিত করার জন্য কমিউনিটি সভা আয়োজন করা হবে এবং বিদ্যালয় কার্যক্রমের তথ্য সম্বলিত প্রচারপত্র বিলি করা হবে।

স্থানীয় ও জাতীয় পর্যায়ের শিক্ষাবিষয়ক কর্তৃপক্ষের সাথে সুশিল সমাজের সংলাপ

বাংলাদেশের শিক্ষা ব্যাবস্থায় প্রগতিশীল ও বৈষম্যহীন মূল্যবোধের প্রচলন, অংশগ্রহণমূলক ও সমতাভিত্তিক মানসম্মত শিক্ষা টেকসই উপায়ে প্রপিালন করা এবং বিশ্লেষণধর্মী চিন্তা. গৃজনশীলতা, যোগাযোগ দক্ষতা ও সক্রিয় সামাজিন অংশগ্রহণের মতো দিকগুলোকে শক্তিশালী করার জন্য প্রকল্পের উদ্যোগে একটি জাতীয় শিক্ষা প্লাটফর্ম তৈরি করা হবে। যার কাজ হবে শিশু কেন্দ্রীক শিখণ-পঠনের বিভিন্ন পদ্ধতি তৈরি ও পর্যালোচনা বিষয়ে নতুন ভাবনা দেয়া, বিদ্যামান শিক্ষা পদ্ধতিসমূহ বিশ্লেষণ করা এবং সেরা পদ্ধতি সম্পর্কে প্রতিবেদন দেয়া এবং তা প্রচার ও টেকসই উপায়ে বাস্তবায়ন বিষয়ে বিভিন্ন ধারণা একত্রিত করা। এছাড়া এ প্লাটফর্মের আরএকটি লক্ষ্য হবে স্থানীয় ও জাতীয় পর্যায়ে শিক্ষক, বিদ্যালয় কমিটি ও বিদ্যালয় কর্তৃপক্ষের দক্ষতা উন্নয়ন এবং এধরনের শিক্ষা প্রবর্তনের সপক্ষে প্রচারণা চালানো। এ লক্ষ্য বাস্তবায়নের জন্য বিভিন্ন শিক্ষা ধারণা. প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করা হবে যা প্রকল্প বিদ্যালয়ে সর্বপ্রথমে বাস্তবায়ন করা হবে এবং সুশিল সমাজকে শক্তিশালী করা হবে যাতে তারা বিদ্যালয়ে শিক্ষার পরিবেশ পরীবেক্ষণ করতে এবং মান বজায় রাখতে কার্যকর ভূমিকা রাখতে পারেন। জেলা পর্যায়ে বাৎসরিক নেটওয়ার্কিং সভা আয়োজন করা হবে বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান এবং শিক্ষা বিষয়ে কাজ করে এমন এনজিওগুলোর সাথে যেখানে প্রস্তাবিত প্রকল্পের বিভিন্ন শিক্ষনীয় বিষয় ও অগ্রগতি বিষয়ে আলোচনা করা হবে। এছাড়া জতীয় শিক্ষা বিষয়ক নেটওয়ার্ক CAMPE ও জাতীয় প্রাক-শৈশব নেটওয়ার্কের সাথে বিভিন্ন সভা ও সেমিনারে অংশ নেয়ার মাধ্যমে সমন্বিতভাবে কাজ অব্যাহত রাখা হবে।

খ. প্রকল্পটি সহযোগী এনজিওর মাধ্যমে বাস্তবায়িত হবে কিনা। না

গ. সংলগ্নী-খ তে প্রত্যেক ব্যক্তির (যারা প্রকল্প থেকে বেতন ভাতাওসম্মানী গ্রহণ করবেন) নিয়োগ সংক্রান্ত তথ্য দাখিল করুন।
প্রস্তাাবিত প্রকল্পটি নতুন বিধায় এখনও নিয়োগপ্রক্রিয়া চলমান রয়েছে, সেজন্য পরবর্তীতে বেতন-ভাতা সংক্রান্ত তথ্য সন্নিবেশিত করা হবে।

ঘ. অনুদানের অর্থ যে কোন নামেই হোক না কেন ঘূর্ণায়মান হলে নিম্নোক্ত তথ্যাদি প্রদান করুন প্রযোজ্য নয়।
অ) টাকার পরিমাণ
আ) সুদের হার ও সুদ হিসাব পদ্ধতি
ই) দাতা সংস্থার/ঘূর্ণয়মান তহবিল ব্যবহারে সুস্পষ্ট নির্দেশনা (যদি থাকে)
ঈ) প্রকল্প সমাপ্তির পর এ অর্থ কিভাবে ব্যবহার হবে তা উল্লেখ করুন

ঙ. নির্মাণসংক্রান্ত বিস্তারিত তথ্য সংলগ্নী-গ তে প্রদান করা হলো

চ. খাত/উপখাত ভিত্তিক বরাদ্দ সংলগ্নী-ঘ তে প্রদান করুন

ছ. প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পটি কিভাবে টিকে থাকবে ও পরিচালিত হবে উল্লেখ করুন
প্রকল্পের আওতায় পরিচালিত অভিভাবক উদ্বুদ্ধকরণ কাজের মাধ্যমে শিক্ষা অব্যাহত রাখার বিষয়ে তাঁরা সচেতন হবে এবং এ্যাডভোকেসি ও প্রকল্প অভিজ্ঞতা বিনিময় কার্যক্রমের মাধ্যমে এ ধরনের কাজ চালু রাখার বিষয়ে সরকারি শিক্ষা কর্মকর্তারা সচেষ্ট হবেন। প্রকল্পের আওতায় পরিচালিত আনন্দলোক বিদ্যালয়ের ভবিষ্যতের বিভিন্ন খরচ মেটানোর জন্য সক্ষম অভিভাবকদের কাছ থেকে টিউশন ফি এবং হতদরিদ্র পরিবারের কাছ থেকে তাদের সাধ্যমতো ফি নির্দিষ্ট ব্যাংক হিসাবে জমা করা হবে। এছাড়া প্রকল্প চলাকালীন বিভিন্ন সাংস্কৃতিক ও ক্রীড়া অনুষ্ঠান আয়োজনে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ অব্যাহত থাকবে। এছাড়া বিদ্যালয় কমিটির মাধ্যমে এ কাজ চালু রাখার জন্য দেশের মধ্যে থেকে অনুদান সংগ্রহ করা হবে। যেহেতু এ প্রকল্পের মাধ্যমে বিদ্যালয় কমিটিকে বিভিন্নভাবে উদ্বুদ্ধ করা হবে এবং বিদ্যালয়ের জমির মালিকানা যখন তাদের নামে থাকবে তখন বিদ্যালয়ের প্রতি তাদের যে অংশীদারিত্বের মনোভাব তা থেকে তারা এ বিদ্যালয় যেন টিকে থাকে সে উদ্যোগ নেবে। প্রচলিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণী সরকারের ভবিষ্যত পরিকল্পনার অংশ হিসাবে চালু থাকবে এবং শিক্ষা সহায়ক কর্মকর্তার কাজের ইতিবাচক প্রভাব বিবেচনা করে ভবিষ্যতে তাদের বেতনের কিয়দাংশ সরকারি তহবিল থেকে বরাদ্দের ব্যবস্থা নেয়া হবে।

৯ সুশাসন ও স্বচ্ছতা ঃ

ক. প্রকল্পটি এলাকার জনগণ ও সংশি-ষ্ট সরকারী ও বেসরকারী ব্যক্তিবর্গের সাথে পরামর্শক্রমে প্রণয়ণ করা হয়েছে কিনা, হলে সংক্ষিপ্ত বর্ণনা
বাংলাদেশের চর ও বাঁধ এলাকা সমূহ যেখানে দরিদ্রের হার অনেক বেশী এবং শিশুদের (৪-৮) বিদ্যালয়ে যাওয়ার সুযোগ কম, ভর্তির হার কম, ঝরেপড়া শিক্ষার্থীর হার বেশি এমন এলাকায় (উপজেলায়) এই প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। এই প্রকল্পটির কাজ শুরুর জন্য প্রথমে এলাকার বর্তমান অবস্থা বিশে-ষণ, কোন কোন এলাকার শিশুদের বিদ্যালয়ে যাওয়ার সুযোগ কম, কোন এলাকায় বিদ্যালয় নেই, ঝরে পড়ার হার বেশি-এই তথ্য গুলো কমিউনিটি, ইউনিয়ন পরিষদ, উপজেলা শিক্ষা অফিস থেকে সংগৃহীত হবে। এই তথ্য বিশে-ষণ করে ইউনিয়ন নির্বাচন করা হয়। এরপর প্রকল্পের মাঠকর্মী সরেজমিনে ঘুরে ঘুরে সে গুলোর সম্ভাব্যতা যাচাই করে গ্রাম নির্বাচন করবে। এক্ষেত্রে সংশি-ষ্ট এলাকার শিক্ষক, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, পরিসংখ্যান কর্মকর্তা, সমাজসেবা কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের কে সম্পৃক্ত করা হবে এবং তাদেরকে কর্মসূচি সম্পর্কে অবহিত ও প্রতিবেদন সরবরাহ করা হবে।

খ.অন্যান্য এনজিও এবং সরকারী চালু কর্মকান্ড বিবেচনাস্ড়ে কাজের ও কর্মএলাকার দ্বৈততা এড়ানোর যে যে ব্যবস্থা গৃহীত হয়েছে তার বর্ণনা।
অন্যান্য এনজিওর সাথে যাতে কোন ওভারল্যাপিং না হয় সেজন্য তাদের কাছ থেকে শিশুর এবং বিদ্যালয়ের তালিকা নিয়ে ক্রস চেক করা হবে এবং ঐ সংস্থার ব্যবস্থাপনার সাথে মিটিং এবং ঐ এলাকার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের এনওসি -এর মাধ্যমে চূড়ান্ত শিশু (৪-৮) নির্বাচিত করা হবে।

গ. এ প্রকল্পটি বা একই ধরণের প্রকল্প ইতিপূর্বে দাখিল করা হয়েছিল কিনা এবং সরকার কর্তৃক তা অননুমোদিত বা পরবর্তিতে বাতিল করা হয়েছিল কিনা ঃ না

ঘ. সংস্থা স্বেচ্ছায় বা তথ্য অধিকার আইনের কারণে নিম্নবর্ণিত তথ্যাবলী জনসম্মুখে প্রকাশ করতে ইচ্ছুক কিনা (ডিসক্লোজার পলিসি)

#	তথ্যাবলী	
১	প্রকল্প ছক (এফডিগু৬)	হ্যাঁ
২	হিসাব এবং নিরীক্ষা প্রতিবেদন	হ্যাঁ
৩	বার্ষিক প্রতিবেদন	হ্যাঁ
৪	প্রত্যেক কর্মএলাকার বাজেটসহ কর্মপরিকল্পনা	হ্যাঁ
৫	উপকারভোগীদের ডাটাবেইজ	হ্যাঁ
